

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৫১

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَصنُومُ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ إِلَّا أَن بِصَوْم قبله أَو بِصَوْم بعده»

বাংলা

২০৫১-[১৬] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কোন ব্যক্তি যেন জুমার দিন সওম না রাখে। হ্যাঁ, জুমার আগের অথবা পরের দিনসহ সওম রাখতে পারে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৯৮৫, মুসলিম ১১৪৪, তিরমিয়ী ৭৪৩, ইবনু আবী শায়বাহ্ ৯২৪০, সহীহ আত্ তারগীব ১০৪৬, আবু দাউদ ২০৯১, ইরওয়া ৯৫৯, সহীহ ইবনু হিববান ৩৬১৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৪৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসটি এককভাবে জুমার দিনে সিয়াম পালন হারাম হওয়ার উপর দলীল। উক্ত দিনে তার জন্য সিয়াম পালন বৈধ যে তার (জুমার দিনের) আগে ও পরে সিয়াম পালন করবে। এককভাবে সিয়াম পালন করলে (জুমার দিনে) সিয়াম ভঙ্গ করা ওয়াজিব।

সহীহুল বুখারী ও আবৃ দাউদ-এর বর্ণনায় রয়েছে যে, জুয়াইরিয়াহ্ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট প্রবেশ করলেন, আর তিনি ছিলেন সায়িম (রোযাদার)। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তুমি কি গতকাল সিয়াম রেখেছিলে? জবাবে তিনি বললেন, না। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি আগামীকাল সিয়াম রাখবে? তিনি বললেন না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তবে সিয়াম ভঙ্গ কর। আর আমরের মৌলিকত্ব হল আবশ্যক। আলোচিত হাদীসটি তারই সিয়াম পালন বৈধতার প্রমাণ করছে, যে



জুমার দিনের সাথে অন্য কোন দিনের সিয়ামযুক্ত করবে। যেমন আইয়্যামে বীয-এর সিয়াম। অথবা নির্দিষ্ট দিনের সিয়াম যদি জুমার দিন অনুযায়ী হয় যেমন 'আরাফার দিনের সিয়াম, অথবা একদিন সিয়াম পালন ও একদিন (দাউদ (আঃ)-এর সুন্নাত) ইফতারকারী ব্যক্তির সিয়াম যদি জুমার দিনে হয় তবে অবশ্যই তা বৈধ।

হাফেয আসকালানী (রহঃ) বলেন, এককভাবে জুমার দিনে সিয়াম পালন নিষিদ্ধ হওয়ার কারণ নিয়ে মতপার্থক্য রয়েছে, তন্মধ্যে একটি হলো, তা (সাপ্তাহিক) ঈদের দিন, আর ঈদের দিনে সিয়াম পালন করা যাবে না। আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈদের দিনে কোন সিয়াম নেই এবং এটাই বিশুদ্ধ ও গ্রহণযোগ্য মত। এর সমর্থনে আরো দু'টি হাদীস রয়েছে।

- ১. আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের ঈদের দিনকে সিয়ামের দিন বানিও না। তবে আগে ও পরে একদিন করে যে পালন করবে সে ব্যতীত।
- ২. 'আলী (রাঃ) হতে বর্ণিত, যে ব্যক্তি কোন মাসে সিয়াম পালন করতে চায়, সে যেন বৃহস্পতিবারে পালন করে, তবে জুমার দিনে যেন সিয়াম পালন না করে। কেননা তা খাওয়া, পান করা ও জিকির-আযকারের দিন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন